

বিএল কলেজ অধ্যক্ষের পদত্যাগে ছাত্রদলের আলটিমেটাম

খুলনা অফিস

৩০ অক্টোবর,
২০২৪ ১৬:২০

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

খুলনার সরকারি ব্রজলাল কলেজের (বিএল কলেজ) অধ্যক্ষ সেখ মো. হুমায়ুন কবিরের পদত্যাগের জন্য সাত দিনের আলটিমেটাম দিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। বিএল কলেজ শাখা ছাত্রদলের পক্ষ থেকে বুধবার (৩০ অক্টোবর) খুলনা প্রেস ক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলন থেকে এ আলটিমেটাম দেওয়া হয়।

কলেজের বেগম খালেদা জিয়া ছাত্রীনিবাসের নামফলক সংবলিত প্যানা টানানোয় বাধা দেওয়ার প্রতিবাদে অধ্যক্ষের পদত্যাগের দাবি জানায় ছাত্রদল।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে কলেজ ছাত্রদলের আহ্বায়ক ইয়াছিন গাজী বলেন, নিষিদ্ধ ঘোষিত সন্ত্রাসী ছাত্রসংগঠন ছাত্রলীগ অবৈধভাবে বেগম খালেদা জিয়া ছাত্রীনিবাসের নামফলক তুলে ফেলে।

মঙ্গলবার ছাত্রদল নেতৃবৃন্দ নামফলক সংবলিত প্যানা টানাতে গেলে অধ্যক্ষ বাধা দেন। এর আগে অবশ্য অধ্যক্ষের কক্ষে ছাত্রদলের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। কিন্তু নামফলকের প্যানা টানাতে গেলেই ছাত্রদল নেতৃবৃন্দকে যৌথ বাহিনীকে দিয়ে নাজেহাল করা হয়। এরপর ছাত্রদল নেতৃবৃন্দ ক্যাম্পাস থেকে বের হয়ে গেলে অধ্যক্ষ একটি বিশেষ ছাত্রসংগঠনের নেতৃবৃন্দকে ডেকে রুদ্ধদ্বার বৈঠক করেন।

এভাবে দ্বিমুখী আচরণ করে অধ্যক্ষ মনুষ্যত্ববিবর্জিত আচরণের বহিঃপ্রকাশ করেছেন বলেও সংবাদ সম্মেলনে দাবি করা হয়। এ ধরনের মনুষ্যত্বহীন ব্যক্তি দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ বিএল কলেজের সর্বোচ্চ পদে আসীন থাকতে পারেন না উল্লেখ করে আগামী সাত দিনের মধ্যে তার অপসারণ দাবি করা হয়।

অধ্যক্ষ হুমায়ুন কবিরকে ফ্যাসিবাদের দোসর আখ্যা দিয়ে সংবাদ সম্মেলনে বলা হয়, তিনি এর আগে তানা সরকারি কলেজের অধ্যক্ষ থাকাকালে ফ্যাসিবাদ সরকারের দোসর হিসেবে স্বাক্ষর রেখেছিলেন।

কলেজে শিক্ষার্থী ভর্তি ও হলে সিট বরাদ্দের ক্ষেত্রে মেধাকে গুরুত্ব দেওয়ার দাবি জানানো হয়েছে ছাত্রদলের পক্ষ থেকে।

সংবাদ সম্মেলনে বিএল কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি শেখ রিয়াজ শাহেদ, ছাত্রদল নেতা খালিদ বিন ওয়ালিদ শোভন, তামি বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।